WEST BENGAL COMPREHENSIVE AREA DEVELOPMENT CORPORATION
(Under Panchayats and Rural Development Department, Government of West Bengal)
Nalhati-I Project
P.O.-Nalhati, Dist.-Birbhum, PIN-731220
Phone: 03465255294, email- wbcadcnalhati1project@rediffmail.com.
www.wbcadc.com @hqwbcadc @Thecadchq

सत्यमेव जयते
Government of West Bengal

Memo No- 008/RKVY/224 Dated- 01/09/2026

# বিজ্ঞপ্তি

এতদ্বারা পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ, **নলহাটী-১ প্রকল্প এলাকার** অন্তর্গত সমস্ত স্বনির্ভরগোষ্ঠী (SHG), যৌথ দায়বদ্ধতা দল (JLG) এবং কৃষক উৎপাদক সংস্থা (FPC)-সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা** (Pradhan Mantri Rashtriya Krishi Vikas Yojana – PM-RKVY)-র অধীন ২০২৬-২৭ অর্থবর্ষে **"পেঁয়াজের কন্দ উৎপাদন – সুখ সাগর জাত"** (Onion Bulb Production, Variety – Sukh Sagar) চাষের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় আগ্রহী ও উপযুক্ত দলসমূহের নিকট হতে নির্ধারিত পত্রে আবেদন আহ্বান করা হচ্ছে।

**প্রকল্পের বিবরণী ও আর্থিক রূপরেখা:**

**প্রকল্পের নাম:** পেঁয়াজের কন্দ উৎপাদন – সুখ সাগর জাত (Onion Bulb Production, Variety – Sukh Sagar) (PM-RKVY ২০২৬-২৭)।

**প্রকল্পের পরিমাণ:** প্রতি ইউনিটে ০১ (এক) একর জমি।

**অনুমোদিত ইউনিট ব্যয়:** Rs. ৪৭,১০০/- (সাতচল্লিশ হাজার একশত টাকা মাত্র) প্রতি ০১ (এক) একর ইউনিটের জন্য।

**সরকারি ভর্তুকি (PM-RKVY Subsidy):** Rs. ২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা মাত্র), অর্থাৎ ৫০% সরকারি অনুদান।

**উপকারভোগী দলের নিজস্ব অংশ (Beneficiary Contribution):** Rs. ২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা মাত্র), অর্থাৎ ৫০% দলীয় সংস্থান/বিনিয়োগ।

**আবেদনের যোগ্যতা ও আবশ্যিক শর্তাবলি:**

* **দলীয় পরিচিতি:** আবেদনকারী দলকে অবশ্যই সরকারি নিবন্ধীকরণপ্রাপ্ত ও সক্রিয় SHG / JLG / FPC **হতে হবে**।

* **জমির শর্ত:** আবেদনকারী দলের নিজস্ব অথবা বৈধভাবে ব্যবহারের অধিকারযুক্ত ন্যূনতম ০১ (এক) একর উপযুক্ত কৃষিজমি থাকতে হবে, যেখানে পেঁয়াজ চাষ করা সম্ভব এবং জমিটি সেচ ও জলনিকাশের উপযুক্ত হতে হবে।

* **চাষাবাদে আগ্রহ:** পেঁয়াজের কন্দ উৎপাদন, বিশেষত **সুখ সাগর জাতের পেঁয়াজ** চাষে আগ্রহ রয়েছে এমন দলকে অগ্রাধিকার দেওয়া হবে।

* **অভিজ্ঞতা:** কৃষি ও উদ্যানপালন সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা অথবা পেঁয়াজ চাষে আগ্রহ রয়েছে এমন দলকে অগ্রাধিকার দেওয়া হবে।

* **আর্থিক লেনদেন:** দলের নামে সক্রিয় ব্যাংক অ্যাকাউন্ট এবং স্বচ্ছ আর্থিক লেনদেনের রেকর্ড থাকা বাধ্যতামূলক।

* **প্রকল্প বাস্তবায়ন:** নির্ধারিত সময়ের মধ্যে PM-RKVY-এর সরকারি নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ০১ (এক) একর জমিতে পেঁয়াজের কন্দ উৎপাদন - সুখ সাগর জাত চাষ করার সম্মতি থাকতে হবে।

**আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে প্রয়োজনীয় নথিপত্র:**

* প্রকল্পে অংশগ্রহণের বিষয়ে দলের সর্বসম্মত সিদ্ধান্তমূলক রেজোলিউশন কপি।

* SHG / JLG / FPC -এর রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ব্যাংক পাসবুকের প্রথম পাতার সত্যায়িত প্রতিলিপি।

* পেঁয়াজ চাষের জন্য প্রস্তাবিত ০১ (এক) একর জমির হাল খতিয়ান/পরচা অথবা বৈধ লিজ ডিডের (Lease Deed) সত্যায়িত প্রতিলিপি (Xerox)।

* দলনেতাসহ সকল সদস্যের আধার ও ভোটার পরিচয়পত্রের প্রতিলিপি (Xerox)।

* আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা ও স্থান:

* আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৪ই সেপ্টেম্বর, ২০২৬ (বিকাল ৪:০০ টা পর্যন্ত)।

* আবেদনপত্র জমা দেওয়ার স্থান: পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ, নলহাটী-১ প্রকল্প কার্যালয়।

**বিশেষ দ্রষ্টব্য:**

* নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।

* আবেদনপত্র যাচাইকরণের পর সরকারি নিয়মাবলী অনুসরণ করে সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে চূড়ান্ত দল নির্বাচন করা হবে।

* নির্বাচিত উপকারভোগী দলকে প্রতি ০১ (এক) একর ইউনিটের মোট অনুমোদিত ব্যয়ের ৫০% অর্থাৎ Rs.২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা মাত্র) নিজস্ব অংশ হিসেবে বহন করতে হবে।

* PM-RKVY প্রকল্পের নির্দেশিকা ও সরকারি নিয়মাবলী অনুযায়ী সরকারি ভর্তুকির অর্থ প্রদান করা হবে।

ধন্যবাদান্তে

ভারপ্রাপ্ত আধিকারিক
পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ
নলহাটী-১ প্রকল্প, বীরভূম, পশ্চিমবঙ্গ।

**Memo No- 008/RKVY/224/1(8)** **Dated- 01/09/2026**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পাঠানো হলো :
১) প্রশাসনিক সচিব, ডব্লু.বি.সি.এ.ডি.সি., কোলকাতা-৭০০০৬৪
২) জেলাশাষক, বীরভূম জিলা
৩) সভাধিপতি, বীরভূম জিলা পরিষদ
৪) ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারীক, নলহাটী-১, নলহাটী, বীরভূম
৫) কৃষিবিভাগ, ডব্লু.বি.সি.এ.ডি.সি., কোলকাতা-৭০০০৬৪
৬) জে.টি.ও. (ইঞ্জি.) এবং আহ্বায়ক, প্রোজেক্ট লেবেল টেন্ডার কমিটি
৭) এই প্রজেক্টের হিসাবরক্ষক
৮) এই প্রজেক্টের অফিস নোটিস বোর্ড

ভারপ্রাপ্ত আধিকারিক
পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ
নলহাটী-১ প্রকল্প, বীরভূম, পশ্চিমবঙ্গ।